ভোরের কাগজ

৭২

তারিখ ...28 JUL-1998 ... ...
পৃঃ ১২ কলাম ৩ ......

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুদিনের ছাত্র ধর্মঘট শেষে নতুন কর্মসূচি ঘোষণা

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে বর্ধিত বেতন-ফি প্রত্যাহারের দাবিতে বর্ধিত বেতন-ফি প্রতিরোধ ছাত্র পরিষদ, গণতান্ত্রিক ছাত্রঐক্য, জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্রঐক্য ফোরামের ডাকে দুদিনের ধর্মঘট গতকাল সোমবার শেষ হয়েছে।

ধর্মঘটের দুদিনই ক্যাম্পাসে মিছিল-সমাবেশ হয়। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনসহ সকল ভবনের দরজায় তালা ছিল এবং প্রশাসনিক কাজ, ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী গতকাল বিভিন্ন পত্রিকার সম্পাদক ও সাংবাদিকদের সঙ্গে এবং সিন্ডিকেট সভায় বেতন বৃদ্ধির যৌক্তিকতা ও সমস্যা সমাধানের উপায় নিয়ে আলোচনা ও মতবিনিময় করেন।

সাধারণ ছাত্রছাত্রীরাও গণতান্ত্রিক ছাত্রঐক্য বর্ধিত বেতন-ফি প্রত্যাহারের দাবিতে ২ আগস্ট অনশন এবং অন্যান্য সংগঠন বিক্ষোভ-সমাবেশের কর্মসূচি ঘোষণা করেছে।

অপরাজেয় বাংলার কাছে সমাবেশে বর্ধিত বেতন-ফি প্রতিরোধ ছাত্র পরিষদের আহ্বায়ক শাহিদুল ইসলাম রিপন পরবর্তী কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্যে রয়েছে আজ মঙ্গলবার ও আগামীকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের ক্লাসে ক্লাসে জনসংযোগ, ৩০ জুলাই মাথায় ও হাতে কালো ব্যান্ড ধারণ, ১ আগস্ট মানব বন্ধন এবং ২ আগস্ট সকাল ৯টা থেকে বিকাল ৩টা পর্যন্ত প্রতীক অনশন।

ছাত্রলীগ গতকাল বর্ধিত ছাত্র বেতন প্রত্যাহারের দাবিতে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করেছে। সমাবেশ থেকে বক্তারা শিক্ষকদের আবাসিক ভবন নির্মাণের পূর্বে ছাত্রী হল নির্মাণের দাবি করেন।

গণতান্ত্রিক ছাত্রঐক্য ডাকসু ভবনের সামনে সমাবেশে আগামী ২ আগস্ট সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত প্রতীক অনশনের কর্মসূচি প্রকাশ করে। ছাত্রদল ও ছাত্রঐক্য ফোরাম ২ আগস্ট বিক্ষোভ-সমাবেশের ডাক দেয়।

এদিকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১ হাজার ৬০০ ছাত্রছাত্রী বেতন-ফি বৃদ্ধির প্রতিবাদে আন্দোলনরত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সঙ্গে স্বাক্ষর অভিযানে অংশ নিয়ে সংহতি প্রকাশ করেছে।